দৈনিক ইত্তেফাক

তারিখ 05 JUN 1994
পৃষ্ঠা ১০ কলাম ৫

66

## শিক্ষা প্রকৌশল অধিদপ্তর গঠনের দাবী

ইত্তেফাক রিপোর্ট ।। শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় ৬৪টি ফুর্ম অঞ্চল লইয়া ৩১৭৯ জন প্রকৌশলী ও কর্মচারীর শিক্ষা প্রকৌশল অধিদপ্তর গঠনের দাবীতে ফ্যাসিলিটিজ বিভাগের ডিপ্লোমা প্রকৌশলী সমিতি ৬ দফা দাবীনামা প্রণয়ন করিয়াছে। শুক্রবার শিক্ষাভবনে এক সভায় এ ব্যাপারে মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের দাবী জানানো হয়। মিয়া সুলতান আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় সংশ্লিষ্ট প্রকৌশলীদের পদোন্নতি, পদসমূহ রাজস্বখাতে স্থানান্তর, সহকারী প্রকৌশলীদের প্রাপ্য সিলেকশন গ্রেড প্রদানের দাবী জানানো হয়।